

স্থান নির্বাচনের ১৪ বছর পর বগুড়ায় স্থাপিত হয়নি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রদীপ মোহন্ত, বগুড়া
২০০১ সালে আওয়ামী লীগ সরকার বগুড়ায় একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করার জন্য স্থান নির্বাচন করার পর গত ১৪ বছর অতিবাহিত হয়েছে। কিন্তু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন হয়নি। অঞ্চল তখনকার সরকারি সিদ্ধান্ত মোতাবেক অন্য জেলাগুলোয় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। বগুড়ার জনসভায় দু'টিয়ে সেই সিদ্ধান্ত কেন বাস্তবায়িত হয়নি সেই প্রশ্ন তুলেছেন খোদ প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

খোঁজ নিয়ে জানা গেছে, ২০০১ সালের ১৫ জুলাই আওয়ামী লীগ সরকারের শেষের দিকে জাতীয় সংসদ কর্তৃক গৃহীত আইনটি রাষ্ট্রপতির সম্মতিলাভ করে। কিন্তু আইন পাস হওয়ার পরও পরবর্তী সরকারের পাঁচ বছর মেয়াদে এই বিশ্ববিদ্যালয় স্থাপনে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। এরপর তত্ত্বাবধায়ক সরকারের দুই বছর এবং ২০০৮ সালের পর আওয়ামী লীগ সরকারের আগের মেয়াদের পাঁচ বছর ও বর্তমান মেয়াদের দুই বছর পার হয়েছে। বগুড়ায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য গেজেট প্রকাশ হয় ২০০১ সালের ১৫ জুলাই। গেজেটের ৪২ নম্বর আইনে বলা হয়, এরপর পৃষ্ঠা ৯, কলাম ১

বগুড়ায় স্থাপিত হয়নি

(শেষ পৃষ্ঠার পর) যেহেতু বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর বর্তমান অঙ্গুর বিশেষ সূত্রে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা ও আধুনিক জ্ঞানচর্চা বিশেষ করে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে যথাযথ গুরুত্ব প্রদানসহ পঠন-পাঠন ও গবেষণার সুযোগ-সুবিধা সৃষ্টি ও সম্প্রসারণ করে বৃহত্তর বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার জামলাপুর নামক স্থানে বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা সমীচীন ও প্রয়োজন। এটি বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ২০০১ নামে অভিহিত হবে। গেজেটে আরও উল্লেখ করা হয়েছিল, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্ধারণ করবে সেই তারিখে এই আইন কার্যকর হবে। বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনে এ জন্য পৃথক কোনো গেজেট তৈরির প্রয়োজন নেই। এখন সরকার যে তারিখ নির্ধারণ করবে সেই তারিখে এই আইন কার্যকর হবে। এখন প্রয়োজন কার্যকর উদ্যোগ গ্রহণের।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ নভেম্বর বগুড়ার আলতামুন্নেছা খেলার মাঠের জনসভায় প্রশ্ন তোলেন, আমরা গেজেট করে আশার পর তা কেন বন্ধ করা হলো। কারণ বিএনপিই চায়নি বগুড়ায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন হোক। তারা তা বন্ধ করে দিয়েছে।

বগুড়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মজিবুর রহমান মজনু বলেন, বিএনপি হচ্ছে করেই বগুড়ায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করেনি। আমরা প্রধানমন্ত্রীর কাছে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুরোধ করেছি।